



২০২৪ সালের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং : ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন/২০২৪/৫৭৮৫ তারিখ: ২৮/০৬/২০২৬ মোতাবেক ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম ০১/০৭/২০২৬ তারিখ হতে ১৯/০৭/২০২৬ তারিখ পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admission) থেকে ভর্তি ফরম প্রিন্ট করার পর ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে (<http://bbaggc.eshiksabd.com/>) লগইন করে কলেজের ভর্তি ফরম পূরণ করবে। কলেজের ভর্তি ফরমে উল্লিখিত ভর্তি ফি ০১/০৭/২০২৬ তারিখ হতে ২০/০৭/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টার মধ্যে Nagad, Bkash অথবা Upay App ব্যবহার করে পরিশোধ করতে হবে।

ভর্তি ফি এর বিবরণ

ক্রমিক নং	বিষয়	মোট টাকা (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত)	ভর্তি ফি পরিশোধের তারিখ
১.	আবেদন ফি	১,০০০/-	০১/০৭/২০২৬ হতে ২০/০৭/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত
২.	রেজিস্ট্রেশন ফি	১,৬২০/-	
৩.	ইনকোর্স	৩০০/-	
৪.	ব্যবস্থাপনা ফি	৫০/-	
৫.	বিবিধ	১০০/-	
সর্বমোট টাকা =		৩,০৭০/-	

১। ভর্তির যোগ্যতা :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ সাল থেকে ২০২৩ সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ সাল থেকে ২০২৩ সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অস্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম পূরণ প্রক্রিয়া:-

- ধাপ ১: www.nu.ac.bd/admission/ ওয়েবসাইটে প্রবেশ করে Apply Now (Masters Private) এ ক্লিক করতে হবে।
- ধাপ ২: Application Form এর চাহিত সকল তথ্য, ছবি (সাদা অথবা নীল ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি, পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়) ও মোবাইল নম্বর সঠিকভাবে দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে।
- ধাপ ৩: সঠিকভাবে তথ্য সরবরাহের পর Save এ ক্লিক করে ভর্তি ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম পূরণের পর কলেজের ভর্তির আবেদন ফরম পূরণ প্রক্রিয়া:-
- ধাপ ১: <http://bbaggc.eshiksabd.com/> ওয়েবসাইটে User Name: bbaggcstudent Password: bbaggcstudent দিয়ে লগইন করতে হবে।
- ধাপ ২: Admission এ সিলেক্ট করতে হবে।
- ধাপ ৩: Click For Admission Form এ ক্লিক করতে হবে।
- ধাপ ৪: Select Level থেকে Masters (Private) এ ক্লিক করতে হবে।
- ধাপ ৫: Select Department (যে বিভাগে ভর্তি হবে) \implies Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন রোল) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।
- ধাপ ৬: ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের (সাদা অথবা নীল ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি, পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়) ছবি আপলোড করতে হবে।
- ধাপ ৭: সঠিকভাবে তথ্য সরবরাহের পর Save এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে সকল তথ্য দেখতে পাওয়া যাবে। ভর্তি ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ভর্তি ফরম পূরণের পর ভর্তি ফি জমাদান প্রক্রিয়া:-

- ধাপ ১: Nagad বা Bkash অথবা Upay এ Login করতে হবে।
- ধাপ ২: নগদ এর ক্ষেত্রে Bill Pay; বিকাশ অথবা উপায় এর ক্ষেত্রে Education Fee সিলেক্ট করতে হবে।
- ধাপ ৩: শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Bhawal Badre Alam Govt. College সিলেক্ট করতে হবে।
- ধাপ ৪: Enter Student ID এর স্থানে NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের রোল) এন্ট্রি দিতে হবে।
- ধাপ ৫: Nagad বা Bkash অথবা Upay ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।

ভর্তি সংক্রান্ত সতর্কতা:-

- নির্ধারিত সময়ের মধ্যে কলেজ কর্তৃক নির্ধারিত ভর্তি ফি পরিশোধ ব্যতীত ভর্তি নিশ্চয়ন (Confirm) হবে না।
- কোনো শিক্ষার্থী যদি ভুল রোল নম্বর দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের ভর্তির টাকা পেমেন্ট করে, তবে সেই টাকা আর ফেরতযোগ্য নয়।
- ভর্তি কার্যক্রমের যাবতীয় প্রক্রিয়া অন-লাইনে সম্পাদিত হবে, কোনো কাগজপত্র কলেজে জমা দিতে হবে না। অনলাইনে ডাউনলোডকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম ও টাকা জমার রশিদ শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করতে হবে।

০১.০৭.২৬
অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর